



মুক্তি কক্সবাজার
সারদা ভবন, গোলদীঘিরপাড়,
কক্সবাজার।

নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তি কক্সবাজার একটি বেসরকারি উন্নয়ন সংস্থা, যা দীর্ঘ ২৫ বছর যাবৎ কক্সবাজার ও চট্টগ্রাম জেলার দারিদ্র্য বিমোচনে সফলভাবে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। Children on the Edge (COTE) এর আর্থিক সহায়তায় সংস্থাটি উখিয়া উপজেলার কুতুপালং এলাকায় বসবাসকারী অনির্বন্ধিত মিয়ানমার জনগোষ্ঠীর শিশুদের সহায়তা প্রদানের জন্য শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ইংরেজী ও বার্মিজ ভাষায় অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। উক্ত কার্যক্রমে প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য নিম্ন ঠিকানা বরাবরে দরখাস্ত আহবান করা হচ্ছে।

পদের নাম	সংখ্যা	মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
টেকনোলজি অফিসার (শিক্ষা)	০১ জন	সর্বসাকুল্যে ৫০,০০০/- সহ প্রকল্পের অন্যান্য সুযোগ সুবিধা।	কম্পিউটার বিজ্ঞানে স্নাতক। বয়স সর্বোচ্চ ৪০ বছর। গ্রাফিক্স প্রোগ্রাম, ফটোগ্রাফি এবং ভিডিওগ্রাফিতে দক্ষ হতে হবে। ভিডিও ও অডিও এডিটিং কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিজিটাল কনটেন্ট (প্রাথমিক শিক্ষা) তৈরীতে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
টেকনোলজি অফিসার (স্বাস্থ্য)	০১ জন	সর্বসাকুল্যে ৫০,০০০/- সহ প্রকল্পের অন্যান্য সুযোগ সুবিধা।	বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিক্যাল ফ্যাকাল্টি (ম্যাটস) পাশ ও বি.এম.ডি.সি হতে রেজিস্ট্রেশন থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৪০ বছর। স্বাস্থ্য কর্মসূচিতে কমপক্ষে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৫.০২.২০২১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদ পত্রের ফটোকপি, প্রার্থীর সম্পর্কে তথ্য দিতে পারবেন এরূপ ২ জন অনাত্মীয় রেফারীর নাম, ঠিকানা, ই-মেইল এবং প্রার্থীর মোবাইল নাম্বার উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র নিম্নঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে মোবাইল ফোনে যোগাযোগ করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য বলা হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মানব সম্পদ বিভাগ
মুক্তি কক্সবাজার
সারদা ভবন, গোলদীঘির পাড়
কক্সবাজার।